তারিখ ... 11 FEB 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩

দৈনিক সংবাদ

১৪

# নির্বাচনের আগেই এরশাদের বিচার চাই ঃ ছাত্রঐক্য

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

স্বৈরাচারী এরশাদকে অবিলম্বে কারাগারে প্রেরণ, বিশেষ ট্রাইবুনালে তার বিচার ও এরশাদ সহযোগীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল রোববার রাজপথে লাঠি মিছিল ও শহীদ নূর হোসেন স্কোয়ারে বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।

লাঠি মিছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে শুরু হয়। এর আগে ছাত্রঐক্য নেতৃবৃন্দের এক বৈঠকে গুলশান অভিমুখী লাঠি মিছিলের রুট পরিবর্তন করে জিরো পয়েন্টমুখী করার সিদ্ধান্ত নেয়া হয়।

মিছিলশেষে শহীদ নূর হোসেন স্কোয়ারে আয়োজিত সমাবেশে ছাত্রনেতা শাহে আলম, নাজিম উদ্দিন আলম ও শফী আহমেদ বক্তব্য রাখেন।

সমাবেশে বক্তারা আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগেই স্বৈরাচী এরশাদের বিচারকার্য সম্পন্ন করার দাবী জানান।

সমাবেশে ছাত্রনেতা শাহে আলম বলেন, স্বৈরাচারের সহযোগীরা নির্বাচন বানচাল করার লক্ষ্যে কালো টাকায় মস্তান ও অস্ত্রবাজদের মদদ যোগাচ্ছে। তিনি অবিলম্বে এসব অস্ত্রবাজ ও মস্তানদের গ্রেফতারের দাবী জানান।

নাজিমউদ্দিন, আলম অবিলম্বে আনোয়ার হোসেন মঞ্জু ও নাজিউর রহমান মঞ্জুসহ সকল স্বৈরাচারের দোসরদের অবিলম্বে গ্রেফতারের দাবী জানান।

শফি আহমেদ বলেন, স্বৈরাচারের বিচার ও দেশে পূর্ণগণতন্ত্র প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত ছাত্রসমাজ রাজপথ ছেড়ে যাবে না।

সমাবেশ থেকে আগামী ১৩ই ফেব্রুয়ারী শহীদ বসুনিয়ার মৃত্যুবার্ষিকী ও ১৪ই ফেব্রুয়ারী স্বৈরাচার বিরোধী দিবস বিক্ষোভ মিছিল–সমাবেশের মধ্য দিয়ে দেশব্যাপী পালনের আহ্বান জানানো হয়।